গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,হবিগঞ্জ
(সংস্থাপন শাখা)
www.habiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৩.১৪.০১২.২৩-২২৭ তারিখ: ০২ নভেম্বর, ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৩ জুন ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৫.১৬-৭১ নম্বর স্মারক এবং বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট এর ১১ জুলাই,২০২৩ তারিখের ০৫.৪৬.০০০০.০১০.১১.০০৪.১৯.৩৫ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূণ্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় সম্পুর্ণ অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত মডেল ফরমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | উপ-প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন-সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর) | (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | ০৪(চার)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট,প্রেজেনন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০২ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন-সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর) | (গ্রেড-১৪) ১০২০০-২৪৬৮০/- | ০৩(তিন)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেনন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৩ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন-পরিসংখ্যান সহকারী) | (গ্রেড-১৪) ১০২০০-২৪৬৮০/- | ০১(এক )টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>ঘ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ। |
| ০৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক। | (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ০৩(তিন)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>ঘ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ। |
| ০৫ | হিসাব সহকারী | (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ০৭(সাত)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>ঘ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ। |

(চলমান পাতা-০২)

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | সার্টিফিকেট সহকারী | (গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০৩(তিন)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>ঘ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ। |

শর্তাবলী :

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা,২০২০ অনুসরণ করা হবে।

৩। ১০ নভেম্বর, ২০২৩ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন।

৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৭। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৮। সকল পদের জন্য লিখিত,ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/অন্যান্য কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা/অনাপত্তিপত্র (সাঁটলিপি ও কম্পিউটার প্রশিক্ষণের সনদসহ)।

(খ) হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি সনদ।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।

(জ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।

১০। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাক ভেরিফিকেশনপূর্বক চুড়ান্তভাবে নিয়োগ প্রদান করা হবে।

১১। লিখিত,মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য হবিগঞ্জ জেলার ওয়েবসাইট অর্থাৎ (www.habiganj.gov.bd) লিংক হতে জানা যাবে।

২০। আবেদনপত্রে প্রদত্ত যে কোনো তথ্য যে কোন পর্যায়ে ভূয়া/ মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dchabiganj.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(ক) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০ নভেম্বর, ২০২৩ সকাল ১০:০০ টা।

(খ) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৯ ডিসেম্বর, ২০২৩ বিকাল ৫:০০ টা।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফিস [পরীক্ষার ফি ২০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ২৩/- টাকা] মোট ২২৩/- (দুই শত তেইশ) টাকা জমা দিতে পারবেন।

(ঘ) নিয়োগ বিজ্ঞপ্তির পূর্ণাঙ্গ শর্তাবলী এবং বিস্তারিত তথ্যাদি হবিগঞ্জ জেলার ওয়েব পোর্টাল www.habiganj.gov.bd, ফেসবুক পেজ "জেলা প্রশাসন,হবিগঞ্জ"(https://www.facebook.com/deputycommissionerdchabiganj.teletalk.com.bd) অথবা http://dchabiganj.teletalk.com.bd থেকেও সংগ্রহ করা যাবে।

Debi Chanda
02/11/23

(দেবী চন্দ)
জেলা প্রশাসক
হবিগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০৬১০০
e-mail: dchabiganj@mopa.gov.bd

2/11/23

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৩.১৭.২৩-২২৭/১(৩০০) তারিখ:০২ নভেম্বর, ২০২৩

৪৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার ............................................... (সকল)।
০৩। জেলা প্রশাসক ..................................................... (সকল)।
০৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৫। সিভিল সার্জন, হবিগঞ্জ।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।
০৯। উপজেলা নির্বাহী অফিসার.......................................... (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। মেয়র, হবিগঞ্জ পৌরসভা/নবীগঞ্জ পৌরসভা/শায়েস্তাগঞ্জ পৌরসভা/চুনারুঘাট পৌরসভা/মাধবপুর পৌরসভা/আজমিরীগঞ্জ পৌরসভা।
১১। সহকারী কমিশনার (ভূমি), .......................................... (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর ওয়েব সাইটে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ।
১৪। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক জনকন্ঠ । নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ০৮(আট) ইঞ্চিX৩(তিন) কলাম পরিসরে শুধুমাত্র ০১(এক) দিন প্রকাশপূর্বক ০৩ (তিন) কপি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১৫। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক খোয়াই, হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ০৮(আট) ইঞ্চিX৩(তিন) কলাম পরিসরে শুধুমাত্র ০১(এক) দিন প্রকাশপূর্বক ০৩ (তিন) কপি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস কপি।

Debi Chanda
০২/১১/২৩

(দেবী চন্দ)
জেলা প্রশাসক
হবিগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০৬১০০
email:dchabiganj@mopa.gov.bd